



# রেজিস্ট্রারের কার্যালয়

## বরিশাল বিশ্ববিদ্যালয়

ফোন: ০৪৩১২১৭৭৪৩১, ০১৮৭৬-০০৪৪৭৫, ফ্যাক্স: ০৪৩১-৬১৮২৭  
web: <https://bu.ac.bd>, e-mail: [registrar@bu.ac.bd](mailto:registrar@bu.ac.bd)



স্মারক নং- বিইউ/রেজি/প্রশাসন (বিবিধ)/ভলি-৪/২৮৩/২০২১/৩১৪৫

তারিখ: ০৯ শ্রাবণ ১৪৩০ বঙ্গাব্দ  
২৪ জুলাই ২০২৩ খ্রিস্টাব্দ

**বিষয়: বরিশাল বিশ্ববিদ্যালয়ের সম্মুখে একটি ফুটওভার ব্রিজ স্থাপনের চাহিদা ও অনুরোধ প্রসঙ্গে।**

বরিশাল বিশ্ববিদ্যালয় দক্ষিণ অঞ্চলের একটি বড় বিদ্যাপীঠ। এই বিশ্ববিদ্যালয়ে নয় হাজারের বেশি শিক্ষার্থী রয়েছে। এখানে দুইটি ছাত্রী ও দুইটি ছাত্র হল থাকলেও সীট সংখ্যা অপ্রতুল হওয়ায় অধিকাংশ শিক্ষার্থীদের বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসের বাহিরে থাকতে হয়। বিশ্ববিদ্যালয়টি পটুয়াখালী-বরিশাল মহাসড়কের সম্মুখে হওয়ায় এবং সড়কটিতে অনবরত বিভিন্ন ধরনের যানবাহন চলাচল করায় শিক্ষার্থীদের জন্য রাস্তা পারাপার করা খুবই ঝুঁকিপূর্ণ এবং শিক্ষার্থীরা প্রায়শই মারাত্মক দুর্ঘটনার সম্মুখীন হয়। সম্প্রতি ২৩/০৭/২০২৩ তারিখ বিশ্ববিদ্যালয়ের সম্মুখের রাস্তায় এক ছাত্রী দুর্ঘটনায় গুরুতর আহত হয়। অধিকন্তু বিশ্ববিদ্যালয়টি শহীদ আব্দুর রব সেরনিয়াবাত সেতুর গোড়ায় অবস্থিত হওয়ায় সেতু ও রাস্তার সংযোগ স্থানটির ঢাল ও বাঁকের কারণে গাড়ি চলাচলে নিয়ন্ত্রণহীন লক্ষ্য করা যায় যা দুর্ঘটনার অন্যতম কারণ। এমতাবস্থায়, রাস্তা পারাপারে শিক্ষার্থীদের ও পথচারীদের নিরাপত্তার কথা বিবেচনা করে বিশ্ববিদ্যালয়ের সম্মুখে জরুরি ভিত্তিতে একটি ফুটওভার ব্রিজ স্থাপনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জোর অনুরোধ করছি।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে-

  
২৪/০৭/২০২৩

সুহাভাত হালদার  
রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)  
বরিশাল বিশ্ববিদ্যালয়

এ, কে, এম, আজাদ রহমান  
অতিরিক্ত প্রধান প্রকৌশলী  
সওজ, বরিশাল জোন, বরিশাল।


দৃষ্টি আকর্ষণ: মিন্টু রঞ্জন দেবনাথ, তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সওজ, সড়ক সার্কেল, বরিশাল।

স্মারক নং- বিইউ/রেজি/প্রশাসন (বিবিধ)/ভলি-৪/২৮৩/২০২১/৩১৪৫

তারিখ: ০৯ শ্রাবণ ১৪৩০ বঙ্গাব্দ  
২৪ জুলাই ২০২৩ খ্রিস্টাব্দ

**অনুলিপি বিতরণ (জ্যেষ্ঠতানুসারে নয়):**

- ১। প্রক্টর, বরিশাল বিশ্ববিদ্যালয়।
- ২। উপ-প্রধান প্রকৌশলী, প্রধান প্রকৌশলীর অফিস, বরিশাল বিশ্ববিদ্যালয়।
- ৩। ভাইস-চ্যান্সেলর মহোদয়ের একান্ত সচিব, বরিশাল বিশ্ববিদ্যালয় (ভাইস-চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৪। সহকারী রেজিস্ট্রার, ট্রেজারারের কার্যালয়, বরিশাল বিশ্ববিদ্যালয় (ট্রেজারার মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৫। নথি/মহানথি।

  
২৪/০৭/২০২৩

জিনিয়া খান বিনুক  
সহকারী রেজিস্ট্রার (প্রশাসন)  
বরিশাল বিশ্ববিদ্যালয়